# নীলফামারী পৌরসভা কার্যালয়
# নীলফামারী।

## নগর সমন্বয় কমিটি (TLCC) বিশেষ সভায় ২০২০-২০২১ইং অর্থ বছরের সংশোধিত ও ২০২১-২০২২ ইং অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট আলোচনার কার্যবিবরণী।

সভাপতি ঃ দেওয়ান কামাল আহমেদ, মেয়র, নীলফামারী পৌরসভা।

সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।

সভার তারিখ ঃ ৩১/০৫/২০২১ খ্রিঃ।

সময় ঃ সকাল- ১১.০০ ঘটিকা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত ও গীতা পাঠের মধ্য দিয়ে সভার কার্যাদি শুরু হয়, পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন জনাব মোঃ খাইরুল ইসলাম, পবিত্র গীতা থেকে পাঠ করেন জনাব শ্রী দুলাল চন্দ্র রায় বিলক্লাক, নীলফামারী পৌরসভা, নীলফামারী।

সভাপতি মহোদয় নগর সমন্বয় কমিটি (TLCC)-এর সম্মানিত সকল সদস্যদের সালাম ও শুভেচ্ছা জানিয়ে ২০২১-২০২২ ইং অর্থ বছরের তার সময়কালের ৩৩ তম প্রস্তাবিত খসড়া বাজেট আলোচনা সভায় স্বাগত বক্তব্যে অবগত করেন। তিনি সভায় কোভিড-১৯(করোনা ভাইরাস) মোকাবেলায় নিজে, পরিবার ও সামাজিকভাবে সুরক্ষার স্বার্থে মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৩১ টি নির্দেশনা তুলে ধরেন এবং সামাজিক দুরত্ব বজায় রেখে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য স্ব-স্ব এলাকায় প্রচারে উদাত্ত আহবান করেন। করোনা ভাইরাস এর বৈশ্বিক মহামারী থেকে রক্ষায় মহান আল্লাহ তালার নিকট যে-যার ধর্ম অনুযায়ী প্রার্থনা করার জন্য অনুরোধ করেন । পৌরসভার সম্মানীত অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটি,সচিব, হিসাব শাখার কর্মকর্তা ও কর্মচারীর সমন্বয়ে ২০২০-২০২১ ইং বছরের সংশোধিত ও ২০২১-২০২২ ইং অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট প্রস্তুত করে জনগনের মতামত গ্রহনের জন্য ইতিপুর্বে নোটিশ বোর্ডে স্থাপন করা হয়েছে, উক্ত খসড়া বাজেট ও বাজেট সম্পর্কিত জনসাধারনের মতামতসহ উপস্থাপন করার জন্য মোঃ আফজালুল হক কোষাধ্যক্ষকে এবং সভা পরিচালনার জন্য জনাব ফরিদ আহমেদ টিকাদান সুপারভাইজারকে আহবান করেন।

আলোচ্য সূচী (১) ২০২০-২০২১ ইং অর্থ বছরের সংশোধিত ও ২০২১-২০২২ইং সনের প্রস্তাবিত প্রাক বাজেট সম্পর্কে আলোচনা।

আলোচনা (১) সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে জনাব মোঃ আফজালুল হক কোষাধ্যক্ষ সংশোধিত ও প্রস্তাবিত খসড়া বাজেট বিশদভাবে পাঠ করেন এবং পাঠশেষে আলোচনায়-

১। জনাব ডাঃ মোস্তাফিজুর রহমান সবুজ , পেশাজীবি প্রতিনিধি বলেন ২০২১-২০২২ সনের প্রস্তাবিত বাজেট যথার্থ হয়েছে মহামারী করোনা ভাইরাস মোকাবেলায় মেয়র মহোদয়ের বিভিন্ন পদক্ষেপের প্রশংসা করেন এবং তিনি সড়ক বাতি খাতে ব্যয় বৃদ্ধির প্রস্তাব করেন।

২। জনাব মোঃ আমজাদ হোসেন, সহযোগী প্রতিষ্টানের প্রতিনিধি, মেয়র মহোদয়ের কোভিড-১৯ প্রতিরোধে শক্তিশালী ভুমিকার প্রশংসা করেন, শিক্ষা ও কোভিড-১৯ প্রতিরোধ ও মশক নিধন খাতে ব্যয় বাড়ানোর সুপারিশ করেন।

৩। জনাবা শামীমা আক্তার, শহর দরিদ্র জনগোষ্টির প্রতিনিধি, শিক্ষাখাতে ব্যয় বৃদ্ধি করার প্রস্তাব করেন।

৪। জনাব এ্যাডভোকেট আজহার আলী পেশাজীবি প্রতিনিধি বৃক্ষরোপন খাতে ব্যয় বৃদ্ধির জন্য প্রস্তাব করেন।

৮। জনাব তাহমিনুল হক ববি(সাংবাদিক),নাগরিক সমাজের প্রতিনিধি, স্বাস্থ্য খাতে ব্যয় বৃদ্ধির এবং ইতি পুর্বের ন্যায় বাজেট সরাসরি জনসম্মুখে ও স্থানীয় ভিডিও চ্যানেলের মাধ্যমে তুলে ধরে প্রকাশ করার প্রস্তাব করেন।

সিদ্ধান্ত ঃ সম্মানিত সদস্যগণের আনিত সুপারিশ বিস্তারিত আলোনান্তে যুক্তিযুক্ত হওয়ায় মেয়র মহোদয় (ক) শিক্ষা খাতে ৩,০০,০০০/-থেকে বৃদ্ধি করে ৩,৫০,০০০/-টাকা, বৃক্ষ রোপন ও রক্ষনাবেক্ষণ খাতে ৪,০০,০০০/-থেকে বৃদ্ধি করে ৪,৫০,০০০/-টাকা, কোভিড-১৯ প্রতিরোধ ও মশক নিধন খাতে ১৫,০০,০০০/- টাকা থেকে বৃদ্ধি করে ১৭,৫০,০০০/- টাকা করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

বিস্তারিত আলোচনার পর ২০২০-২০২১ইং অর্থ বছরের সংশোধিত বাজেট এবং আগামী ২০২১-২০২২ইং অর্থ বছরের জন্য প্রস্তাবিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

সাম্প্রতিক সময়ে প্রাণঘাতী করোনা ভাইরাসের প্রাদুভাবে বিপর্যস্ত বাংলাদেশসহ গোটা বিশ্ব। সভায় কোভিড-১৯(করোনা ভাইরাস) মোকাবেলায় নিজে, পরিবার ও সামাজিকভাবে সুরক্ষার স্বার্থে ২০২১-২০২২ ইং অর্থ বছরের বাজেট উন্মুক্তভাবে ঘোষনা ও স্থানীয় নেটওর্য়াক ক্যাবল চ্যানেলে সরাসরি সম্প্রচার করা ও প্রশ্ন উত্তর পর্ব সংক্ষিপ্ত আকারে এবং ঘরে বসে পৌরসভার উন্নয়ন, সেবা সংক্রান্ত সমস্যা ও সম্ভাবনা, জনপ্রতিনিধিবৃন্দের প্রতিশ্রুতি, পৌরবাসীর অধিকার,দায়িত্ব,কর্তব্য ইত্যাদি বিষয়ে মতামত ও সুপারিশ নিয়ে প্রশ্ন করা যাবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে বিবিধ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল TLCC'র সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(দেওয়ান কামাল আহমেদ)
মেয়র
নীলফামারী **পৌরসভা**
**ও**
**চেয়ারপার্সন**
শহর সমন্বয় কমিটি (TLCC)

স্মারক নং- নীঃ পৌঃ সভা/সাধা-নথি/২০২০-২১/ তারিখঃ- ৩১/০৫/২০২১ইং

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রনের জন্য প্রেরণ করা হলঃ**

১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্প, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। টিম লিডার, জিআইসিডি, GICD , UGIIP-III, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৪। রিজিওনাল কো-অর্ডিনেটর, GICD, UGIIP-III, বগুড়া।
৫। জনাব/বেগম............................................সদস্য/সদস্য-সচিব, শহর সমন্বয় কমিটি (TLCC), নীলফামারী **পৌরসভা**
৬। অফিস নথি।

(দেওয়ান কামাল আহমেদ)
মেয়র
নীলফামারী **পৌরসভা**
**ও**
**চেয়ারপার্সন,শহর সমন্বয় কমিটি (TLCC)**

সাম্প্রতিক সময়ে প্রাণঘাতী করোনা ভাইরাসের প্রাদুভবে বিপর্যস্ত বাংলাদেশসহ গোটা বিশ্ব। সভায় কোভিড-১৯(করোনা ভাইরাস) মোকাবেলায় নিজে, পরিবার ও সামাজিকভাবে সুরক্ষার স্বার্থে ২০২০-২০২১ ইং অর্থ বছরের বাজেট উন্মুক্তভাবে ঘোষনা ও স্থানীয় নেটওর্য়াক ক্যাবল চ্যানেলে সরাসরি সম্প্রচার করার বিষয়টি গোটা বিশ্বে মহামারী কোভিট-১৯ (করোনা ভাইরাস) প্রাদুভাবের কারনে ভাইরাস সংক্রমন এবং সামাজিক দূরত্বের কথা বিবেচনা করে প্রশ্ন উত্তর পর্ব সংক্ষিপ্ত আকারে করার সিদ্ধান্ত হয়।